# কিভাবে ভোট দিবেন



1

## 1 | আপনার ব্যালট সংগ্রহ করুন

» আপনার নির্দিষ্ট ভোট কেন্দ্রে যান এবং আপনার সঠিক এসেম্বলি /ইলেকশন ডিস্ট্রিক্ট টেবিল খুঁজে নিন (এই নম্বরগুলো BOE নোটিশে এবংআপনার ভোটার গাইডের লেবেলের উপরে মুদ্রিত আছে)।

» স্বাক্ষর করে পোল অফিসারের নিকট থেকে আপনার কাগজের ব্যালট নিন। ব্যালট চিহ্নিত করার পর তা অন্যের দৃষ্টি গোচর না হবার জন্য একটি মোড়ক দিবে।

» গোপন কক্ষটিতে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এর জন্যে ব্যবহার করার অনুরোধ করুন।



2

## 2 | আপনার ব্যালটে ভোট দিন

» আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার প্রতিটি পছন্দের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ভোটটি দিন। (দুটি দিকই পরীক্ষা করতে ভুলবেন না)

**সঠিক**

| J. Doe |
|---|
| ⬤ |

**ভুল**

| J. Doe | J. Doe | J. Doe |
|---|---|---|
| ⊗ | ✓ | ◯ |

» কোন "✗" অথবা একটি "✓" ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগাবেন না, অথবা ব্যালটটিতে অপ্রয়োজনীয় দাগ দেবেন না।

» একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।

» আপনার ব্যালট টি ভাঁজ করবেন না। ব্যালটের উপর স্বাক্ষর বা আপনার নাম লিখবেন না।



3

## 3 | আপনার ব্যালটটি স্ক্যান করুন

» আপনার চিহ্নিত ব্যালটটি গোপনীয়তা জ্যাকেটে ঢুকিয়ে নিয়ে যান স্ক্যানার অঞ্চলে।

» আপনার পছন্দের ভাষাটি স্কিনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।

» আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিন আপনার ভোটটি প্রদান করুন। স্ক্যানারটি উভয় দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে আপনার ভোটটি জমা করা হয়েছে।

## ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করা



### BMDটি দুইভাবে ভোটারদের ব্যালটটি ব্যবহার করতে দেয়:

১। ব্যালটটি প্রদর্শিত স্ক্রিনে দেখুন।

২। ব্যালটটি হেডফোনের মাধ্যমে শুনুন।

### BMDটি চারভাবে ভোটারদের ব্যালটে ভোট দান করতে দেয়:

১। স্ক্রিন স্পর্শ করে

২। কিই প্যাড (ব্রেইল)

৩। সিপ এন্ড পাফ যন্ত্র

৪। রকার প্যাডেল

### BMD-এতে নিম্নোক্ত ধাপগুলির মাধ্যমে আপনার ব্যালটটিতে ভোট দিন:

» আপনার ব্যালটটিতে কেমন করে ও কি ভাবে ভোটটি দেবেন তা ঠিক করে নিন।

» আপনার ব্যালটটি ভোট জমা করার ট্রেতে ঢুকিয়ে দিন।

» আপনার ভাষাটি পছন্দ করে নিন।

» BMDটি আপনার পছন্দ বাছাই ও তা পর্যালোচনা করার পুরো প্রক্রিয়াটি প্রদর্শন করবে।

» কোন মত বদল করার জন্য, কোন প্রতিদ্বন্দ্বিতা বা বিষয় আপনি বদলাতে চান, সেটি আবার বেঁছে নিয়ে সঠিক উত্তরটি আবার নিন। সংক্ষিপ্তসার পর্দায় ফেরত যাওয়ার জন্যে "NEXT" চাপ দিন।

» আপনার ব্যালটটি মুদ্রণের জন্য "Mark Ballot"-এ চাপ দিন।

» আপনার মুদ্রিত ব্যালট স্ক্যান করার জায়গায় নিয়ে যান।

» ব্যালটটি স্ক্যানারের ভেতরে ঢোকানোর জন্যে যদি আপনার কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মী আপনাকে সাহায্য করবেন।

# গুরুত্বপূর্ণ নির্দেশনা এবং সাধারণ সমস্যাবলীর সমাধান সমূহ!

## মনে রাখবেন...

**আপনার ব্যালটটির অপর দিকটি দেখুন!**
পিছনের পাতায় ভোট দেয়ার জন্য নির্দেশনা এবং/বা ব্যালট প্রস্তাবনা থাকতে পারে।

**গোলাকার জায়গাটি সম্পূর্ণভাবে পূরণ করুন।**
"X" অথবা "✓" ব্যবহার করবেন না অথবা গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগ দিবেন না।

**শুধুমাত্র একজন ব্যক্তিকেই ভোট দেবেন, যদি না অন্যভাবে নির্দেশ দেওয়া থাকে।**
প্রথম কলামে, ব্যালটটিতে লেখা থাকবে আপনি কয়টি পছন্দ করতে পারবেন। বেশিরভাগ ক্ষেত্রে, লেখা থাকবে, "একজনকে ভোট দিন" "Vote for ONE", কিন্তু কোন কোন ক্ষেত্রে এটি লেখা থাকতে পারে "যে কোন দুজনকে ভোট দিন" "Vote for any TWO", "যে কোন তিনজনকে ভোট দিন" "Vote for any THREE", ইত্যাদি। এর মানে হলো আপনি সেই পরিমাণ প্রার্থীকে ভোট দিতে পারেবন। অনুগ্রহ করে যত্নসহকারে ব্যালটটি পড়বেন যাতে আপনি বেশী ভোট বা ভুলবশতঃ কম ভোট না দেন।

**আপনি একজন রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।**
যদি আপনি কোন প্রার্থীকে ভোট দিতে চান যাঁর নাম ব্যালটে, তবে আপনাকে অবশ্যই:
(১) রাইট-ইন প্রার্থীদের জন্যে নির্দিষ্ট জায়গাটির গোলাকার জায়গাটিকে সম্পূর্ণ পূরণ করতে হবে এবং
(২) সেই প্রার্থীর নাম এই বক্সে লিখতে হবে অথবা স্ট্যাম্প দিতে হবে।

**মনে করে প্রতিটি অফিসের জন্য ভোট দিবেন এবং ব্যালটের প্রতিটি প্রশ্নের উত্তর দেবেন।**
স্ক্যান করার আগে আপনার ব্যালটপেপার ভাল ভাবে দেখে নিন। আপনি সকল পদের এবং সকল ব্যালট প্রস্তাবনা ভোট দিয়েছেন কি না তা নিশ্চিত করুন। আপনি যদি একটি বা ততোধিক পদের বা ব্যালট প্রশ্ন গোলাকার করতে ব্যর্থ হন তবে স্ক্যানার আপনাকে সতর্ক করে দিবে ("কম ভোট দিয়েছেন") বা আপনি যদি অনেক গুলো গোলাকার করেন ("অতিরিক্ত ভোট দিয়েছেন"), এবং আপনাকে ব্যালট ফেরত দেয়ার পন্থা জিজ্ঞাস করবে যাতে আপনি ঠিক করে নিতে পারেন (নীচে দেখুন)। আপনি যদি যেমনতেমন ভাবে ভোটটি দিয়ে দিতে চান তবে দ্বিতীয় সুযোগ আর পাবেন না।

## অসুবিধা এবং সমাধান সমূহ

**আমি ভোট দিতে ভুল করে ফেলেছি।**
ব্যালটে মুছে ফেলার অথবা বদল করার চেষ্টা করবেন না। একজন ভোটকর্মীকে নতুন একটি ব্যালট দিতে বলুন। প্রতিটি ভোটদাতা সর্বোচ্চ তিনটি ব্যালট চাইতে পারেন।

**আমি "কম ভোট দিয়েছি" (একটি অথবা আরও বেশি প্রতিযোগিতার জন্য একটি পছন্দ চিহ্নিত করতে ব্যর্থ হয়েছে**
"কাস্ট করবেন না - ব্যালট ফেরত দিন" নির্বাচন করুন, এবং আপনার ব্যালট স্ক্যান করার আগে আপনার পছন্দ করা শেষ করুন।

**আমি "বেশি ভোট দিয়ে ফেলেছি" (একজন প্রার্থীর জন্যে অনেকগুলো গোলাকার স্থান পূরণ করে ফেলেছি)।**
কোন অফিস অথবা ব্যালট প্রস্তাবনায় আপনি যদি বেশী ভোট দেন, তবে তা গণ্য হবে না। যদি আপনি ব্যালটটি স্ক্যানারে রাখার আগে বুঝতে পারেন যে আপনি বেশি ভোট দিয়ে ফেলেছেন, তবে একজন ভোটকর্মীকে পূরণ করার জন্য নতুন একটি ব্যালট দিতে বলুন। যদি আপনি অতিরিক্ত ভোট দেওয়ার পরে একটি ব্যালট স্ক্যানারে ঢোকান, সেটির পর্দাটি দুটি উপায়সহ একটি ভুল বার্তা দেখাবে "জমা করবেন না - ব্যালটটি ফেরত দিন" উপায়টি বাছুন, এবং স্ক্যানারটি আপনার ব্যালটটি ফেরত দিয়ে দেবে যাতে আপনি একজন ভোটকর্মীর কাছ থেকে পূরণ করার জন্য একটি নতুন ব্যালট চেয়ে নিতে পারেন। যদি আপনি "ব্যালটটি জমা করুন" উপায়টি বাছেন, তাহলে স্ক্যানারটি আপনার ব্যালটটি রেখে নেবে তবে যে প্রতিদ্বন্দ্বিতার জন্য বেশী ভোট দিয়েছেন তা আর গণ্য হবে না, কিন্তু আপনার বাকী ভোটগুলো গণনা করা হবে।

**লেখাগুলি অতিরিক্ত ছোট; আমি আমার কাগজের ব্যালট পড়তে পারছিনা।**
বড় লেখার কাগজ থাকবে। আপনি একটি ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এ ব্যবহার করতে পারেন।